## শিক্ষাগত যোগ্যতা

| ব্রাঞ্চ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান | GCE 'ও' লেভেল | GCE 'এ' লেভেল |
|---|---|---|---|
| জিডি(পি) | উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৫ এবং উভয় পরীক্ষায় গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'এ'। | পদার্থ ও গণিত-সহ কমপক্ষে ৫ টি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড। | পদার্থ ও গণিত-এ ন্যূনতম 'বি' গ্রেড। |
| ইঞ্জিনিয়ারিং | উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় চতুর্থ বিষয় ব্যতীত জিপিএ ৪.৫ এবং উভয় পরীক্ষায় পদার্থ, গণিত ও রসায়ন-এ ন্যূনতম লেটার গ্রেড-'এ'। | পদার্থ, গণিত ও রসায়ন-সহ কমপক্ষে ৫ টি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড। | পদার্থ, গণিত ও রসায়ন-এ ন্যূনতম 'বি' গ্রেড। |
| লজিস্টিক, এটিসি ও এডিডব্লিউসি | উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৫ এবং উভয় পরীক্ষায় গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'এ'। | পদার্থ ও গণিত-সহ কমপক্ষে ৫ টি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড। | পদার্থ ও গণিত-এ ন্যূনতম 'বি' গ্রেড। |
| | লজিস্টিক, এটিসি ও এডিডব্লিউসি প্রার্থীদের শাখা এক বছর প্রশিক্ষণ শেষে নির্ধারণ করা হবে। | | |
| এডমিন | উভয় পরীক্ষায় যে কোন শাখায় জিপিএ ৪.৫। | কমপক্ষে ৫ টি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড। | ২ টি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড। |

**বি. দ্র. ২০১৮ সালের এইচএসসি পরীক্ষার্থীগণও আবেদন করতে পারবেন।**

## অন্যান্য যোগ্যতা

নাগরিকত্ব ঃ বাংলাদেশী পুরুষ/মহিলা নাগরিক।
বৈবাহিক অবস্থা ঃ অবিবাহিত।
বয়স ঃ ১৬ বছর ৬ মাস হতে ২২ বছর (০১ জানুয়ারি ২০১৯ ইং তারিখ, বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়)।
পুরুষ প্রার্থীদের জন্য ঃ উচ্চতা ঃ কমপক্ষে ১৬২.৫৬ সে. মি. (৬৪ ইঞ্চি)।
বুকের মাপ ঃ স্বাভাবিক ঃ কমপক্ষে ৭৬.২০ সেমি (৩০ ইঞ্চি), প্রসারণ ঃ কমপক্ষে ৮১.২৮ সেমি (৩২ ইঞ্চি)।
মহিলা প্রার্থীদের জন্য ঃ উচ্চতা ঃ জিডি(পি) ঃ কমপক্ষে ১৬২.৫৬ সেমি (৬৪ ইঞ্চি), অন্যান্য ঃ কমপক্ষে ১৫৭.৪৮ সেমি (৬২ ইঞ্চি)।
বুকের মাপ ঃ স্বাভাবিক ঃ কমপক্ষে ৭১.১২ সেমি (২৮ ইঞ্চি), প্রসারণ ঃ কমপক্ষে ৭৬.২০ সেমি (৩০ ইঞ্চি)।
ওজন ঃ বয়স ও উচ্চতা অনুযায়ী।
চোখ ঃ জিডি(পি) শাখার প্রার্থীদের জন্য দু'চোখের দৃষ্টিশক্তি ৬/৬
অন্যান্য শাখার প্রার্থীদের জন্য বিধি অনুসারে।

বি. দ্র. যে কোন শাখার প্রার্থীর জন্য বয়স ১৯ বছর হওয়ার পূর্বে ল্যাসিক (LASIK) করা হলে গ্রহণযোগ্য নয়।

## প্রার্থীর জন্য অযোগ্যতা

১। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা অন্য কোন সরকারী চাকুরী হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় পদত্যাগ গ্রহণ, ২। আই এস এস বি পরীক্ষায় দু'বার স্ক্রীন্ড আউট অথবা দুবার প্রত্যাখ্যাত (একবার স্ক্রীন আউট এবং একবার প্রত্যাখ্যাত প্রার্থীরা আবেদন করতে পারবেন), ৩। যে কোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত, ৪। সিএমবি অথবা আপীল মেডিক্যাল বোর্ড কর্তৃক প্রত্যাখ্যাত।

## প্রশিক্ষণ/কমিশন

যোগদানের সম্ভাব্য তারিখ ০১ জানুয়ারি ২০১৯। বাংলাদেশ মিলিটারী একাডেমিতে ১০ সপ্তাহসহ বাংলাদেশ বিমান বাহিনী একাডেমিতে ৩ বছর মেয়াদী প্রশিক্ষণ শেষে "ফ্লাইং অফিসার" পদে নিয়মিত কমিশন প্রদান করা হবে। কমিশনপ্রাপ্তির পরবর্তী ০১ বছরসহ মোট ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী প্রদান করা হবে।

## নির্বাচন পদ্ধতি

১। প্রাথমিক লিখিত পরীক্ষাঃ
ক। জিডি(পি), ইঞ্জিনিয়ারিং লজিস্টিক, এটিসি, এডিডব্লিউসি ও মীটিওরলজীঃ আইকিউ, ইংরেজী এবং গণিত ও পদার্থ।
খ। ফিন্যান্সঃ আইকিউ, ইংরেজী এবং বিজনেস স্টাডিজ। গ। এডমিনঃ আইকিউ, ইংরেজী এবং সাধারণ জ্ঞান।
২। প্রাথমিক ডাক্তারী পরীক্ষা, ৩। প্রাথমিক মৌখিক পরীক্ষা, ৪। আন্তঃবাহিনী নির্বাচনী পর্ষদ (আইএসএসবি), ৫। কেন্দ্রীয় চিকিৎসা পর্ষদ (সিএমবি) কর্তৃক চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা, ৬। ক্যাডেট চূড়ান্ত নির্বাচন পর্ষদ (সিএফএসবি)।

বি. দ্র. পরীক্ষাকেন্দ্রে সকল প্রকার ইলেকট্রনিক ডিভাইস (মোবাইল, ক্যালকুলেটর ইত্যাদি) এবং ব্যাগ বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ।

বি. দ্র. কোন প্রার্থী নির্ধারিত পরীক্ষার দিন উপস্থিত হতে অপারগ হলে বর্ণিত সময়ের মধ্যে যে কোন দিন উপস্থিত হয়ে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে পরীক্ষার তারিখ পরিবর্তনের বিষয়টি পূর্বেই সরাসরি পরীক্ষা কেন্দ্রে (০২৫৫০৬০০০০ এক্সঃ ৫৬৯৬ এবং ০১৭৬৯৯৯০০১১ নম্বরে সকাল ০৯০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকার মধ্যে) জানাতে হবে।

## অন্যান্য সুবিধা

**ক্যারিয়ারঃ** বিমান বাহিনীতে রয়েছে আধুনিক যুদ্ধ বিমান, হেলিকপ্টার, পরিবহন বিমান পরিচালনার দুর্লভ সুযোগ। ইঞ্জিনিয়ার, লজিষ্টিক কর্মকর্তা, এয়ার ট্রাফিক কন্ট্রোলার, আকাশ প্রতিরক্ষা র‍্যাডার ও ভূমি থেকে আকাশে নিক্ষেপণযোগ্য মিসাইল কন্ট্রোলার এবং আবহাওয়াবিদ হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ।
**বিদেশে প্রশিক্ষণঃ** প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশন প্রাপ্তির পর মেধাবী ফ্লাইট ক্যাডেট এবং অফিসারগণের পেশাগত প্রশিক্ষণের জন্য বিদেশ গমনের সুযোগ।
**উচ্চ শিক্ষা সুবিধাঃ** বিমান বাহিনীর তত্ত্বাবধানে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি) সহ দেশে-বিদেশে, এমবিএ, মাষ্টার্স, এমফিল, পিএইচডিসহ উচ্চতর শিক্ষা অর্জনের সুযোগ রয়েছে।
**জাতিসংঘ মিশনঃ** জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে গমনাগমনের সুযোগ।
**বাংলাদেশ দূতাবাসঃ** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে সামরিক/সহকারী সামরিক উপদেষ্টা পদে নিয়োগ প্রাপ্তির সুযোগ।
**সন্তানদের অধ্যয়নঃ** নিজ সন্তানদের জন্য যোগ্যতার ভিত্তিতে বিইউপি, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, এমআইএসটি, ক্যাডেট কলেজ এবং বিমান বাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত সকল শাহীন স্কুল/কলেজে (বাংলা ও ইংরেজী ভার্সন) এবং ইংলিশ মিডিয়াম (ব্রিটিশ কারিকুলাম) এ অধ্যয়নের সুযোগ।
**বাসস্থানঃ** নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্মত সুসজ্জিত বাসস্থানের সুযোগ।
**ডিওএইচএস প্লটঃ** শর্তসাপেক্ষে ঢাকা ও অন্যান্য স্থানে ডিওএইচএস প্লট প্রাপ্তির সম্ভাবনা।
**চিকিৎসাঃ** সামরিক হাসপাতালসমূহে নিজ, স্ত্রী ও সন্তানদের পাশাপাশি পিতা, মাতা, শশুর ও শাশুড়ি উন্নত চিকিৎসা সুবিধা পাবে। প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে চিকিৎসার সুবিধা রয়েছে।
**শাখা পরিবর্তনের সুযোগঃ** উড্ডয়নে অকৃতকার্য প্রার্থীগণ শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী শূণ্যপদ সাপেক্ষে অন্যান্য শাখায় কমিশনের সুযোগ পাবেন।
**রেশন প্রাপ্তির সুবিধাঃ** ভর্তুকি মূল্যে রেশন প্রাপ্তির সু-ব্যবস্থা।

# ৭৯ BAFA কোর্সে বাংলাদেশ বিমান বাহিনীতে ফ্লাইট ক্যাডেট হিসেবে যোগ দিন



**যোগদানের সম্ভাব্য তারিখ ০১ জানুয়ারি ২০১৯**

| পরীক্ষার তারিখ | জেলা ও পরীক্ষার কেন্দ্র | |
|---|---|---|
| ৩০ এপ্রিল ২০১৮ | সকল বিভাগের সকল জেলার প্রার্থীদের জন্য | বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র পুরাতন বিমান বন্দর তেজগাঁও, ঢাকা-১২১৫। |
| ০৭, ১৪, ২১ ও ২৮ মে ২০১৮ | | |
| ০৪ ও ২৫ জুন ২০১৮ | | |
| ০২, ০৯, ১৬, ২৩ ও ২৪ জুলাই ২০১৮ | | |
| ০৬ ও ১৩ আগষ্ট ২০১৮ | | |

**পরীক্ষা গ্রহণের সময় প্রতিদিন সকাল ০৮০০ ঘটিকা**

## বিশেষ সুযোগ-সুবিধা

• সরাসরি ফ্লাইং অফিসার পদে কমিশন। • প্রশিক্ষণকালীন ফ্লাইট ক্যাডেটদের মাসিক সম্মানী ১০,০০০ টাকা।

## BAFA প্রশিক্ষণকালীন সময়ে নিম্নোক্ত ডিগ্রীসমূহ অর্জন

BUP এর অধীনে স্নাতক (সম্মান) ডিগ্রী
• বিএসসি (সম্মান) এ্যারোনটিকস • বিবিএ (BBA) • MIST হতে ইঞ্জিনিয়ারিং

## আবেদনপত্র সংগ্রহের নিয়মাবলী

সেন্ট্রাল নন-পাবলিক ফান্ড, বিএএফ এর অনুকূলে ৬০০/- (ছয়শত) টাকা মূল্যের মেশিন রিডেবল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) এর বিনিময় প্রতি কার্যদিবসে ০৮০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত (পরীক্ষা চলাকালীন সময়ে) আবেদনপত্র সংগ্রহ করা যাবে। ব্যাংক ড্রাফট অবশ্যই টিবিএল, অগ্রণী, সোনালী, রূপালী ও জনতা ব্যাংক শাখায় পরিশোধযোগ্য হতে হবে। বিএএফ ওয়েবসাইট হতে সংগৃহীত ফরমের ক্ষেত্রে পরীক্ষার পূর্বে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিয়ে পরীক্ষার রোল নম্বর সংগ্রহ করতে হবে।
বি. দ্র. ভাঁজ করা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার গ্রহণযোগ্য নয়।

## আবেদনপত্র সংগ্রহের স্থানসমূহ

• বাংলাদেশ বিমান বাহিনী (বা বি বা) তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা। • বা বি বা ঘাঁটি বীরশ্রেষ্ঠ মতিউর রহমান, যশোর। • বা বি বা ঘাঁটি জহুরুল হক, পতেঙ্গা, চট্টগ্রাম। • বা বি বা ঘাঁটি পাহাড়কাঞ্চনপুর, টাঙ্গাইল। • বা বি বা ঘাঁটি কক্সবাজার। • বা বি বা র‍্যাডার ইউনিট, মৌলভীবাজার। • বা বি বা র‍্যাডার ইউনিট, বগুড়া। • বা বি বা তত্ত্বাবধান ও রক্ষণাবেক্ষণ ইউনিট, লালমনিরহাট। • বা বি বা ষ্টেশন শমশেরনগর, মৌলভীবাজার। • বিএএফ ওয়েবসাইট www.baf.mil.bd (Follow recruitment) or www.joinbangladeshairforce.mil.bd

## অনলাইনে আবেদনের নিয়মাবলী

১। সরাসরি ওয়েবসাইট হতে অনলাইনে আবেদনপত্র পূরণ করে জমা দেয়া যাবে। অনলাইন পদ্ধতিতে www.joinbangladeshairforce.mil.bd ওয়েব সাইটে লগইন করে Apply Now ট্যাব এ ক্লিক করে পরবর্তী নির্দেশনাসমূহ অনুযায়ী আবেদনপত্র পূরণ করতে হবে। এক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের নির্ধারিত অংশ অনলাইনের মাধ্যমে পূরণ করে অনলাইন হতে আবেদনপত্র সংগ্রহ করার পর বাকি অংশ স্বহস্তে পূরণ করে প্রাথমিক লিখিত পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে জমা দিতে হবে।
২। আবেদনপত্র পূরণের সময় আবেদনকারীগণ আবেদনপত্রের মূল্য বাবদ TBMM এর মাধ্যমে ৬০০/- (ছয়শত) টাকা জমা দিতে পারবেন। এছাড়া গ্রামীণফোন, রবি, বাংলালিংক এবং এয়ারটেল গ্রাহকগণ ব্যক্তিগত bKash ওয়ালেট এর মাধ্যমে বিএএফ bKash ওয়ালেট ০১৭৬৯৯৯০২৮৯ অথবা ব্যক্তিগত রকেট ওয়ালেট বা DBBL এজেন্ট পয়েন্ট থেকে ২৫২৫ ডিলার আইডি ব্যবহার করে আবেদনপত্রের মূল্য বাবদ ৬০০ (ছয়শত) টাকা জমা দিতে পারবেন।

## আবেদনপত্র জমাদানের নিয়মাবলী

প্রার্থীদের স্বহস্তে আবেদনপত্র সঠিকভাবে পূরণ করতঃ পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদপত্রাদিসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
১। সকল শিক্ষাগত যোগ্যতার সাময়িক সনদপত্র, প্রশংসাপত্র এবং মার্কসিটসমূহের সত্যায়িত ফটোকপি।
২। নাগরিকত্ব, চারিত্রিক সনদপত্র, বৈবাহিক অবস্থা ও স্থায়ী ঠিকানার সনদপত্র জমা দিতে হবে। উক্ত সনদপত্র স্ব স্ব ইউনিয়ন পরিষদ/মিউনিসিপ্যাল চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার অথবা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে আনতে হবে। উক্ত সনদপত্রের সাথে সনাক্তকারীর মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে।
৩। সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ৩ কপি সত্যায়িত ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট হতে হবে)।
৪। বর্তমান অথবা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
৫। চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে স্ব স্ব কর্মস্থল/প্রতিষ্ঠানের প্রধানের নিকট হতে প্রার্থীতার জন্য অনুমতিপত্র।
৬। স্থায়ী ঠিকানার প্রমাণ স্বরূপ জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
৭। জেলা বা বিভাগীয় পর্যায়ে খেলাধুলার কোন কৃতিত্বের সনদ থাকলে তার সত্যায়িত ফটোকপি।
৮। মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনীর জন্য মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত ফটোকপি সরকারী গেজেট ও বিধি মোতাবেক মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত হয়ে জমা দিতে হবে।
৯। দাবীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি।
১০। উপজাতি/ক্ষুদ্র জাতি সত্ত্বা/নৃগোষ্ঠির ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
১১। বর্তমান ঠিকানাসহ ৯"X৪" আকারের একটি ফেরত খাম।

সকল নিয়ম ও শর্তসমূহ বা বি বা কর্তৃপক্ষ পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।

**ভর্তির ব্যাপারে কোন অসৎ ব্যক্তির সাথে যোগাযোগ করে প্রতারিত হবেন না।**

## রিক্রুটমেন্ট পরিদপ্তর

বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা ক্যান্টনমেন্ট

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ
**বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র**
পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ফোনঃ ০২৫৫০৬০০০০ সম্প্রঃ ৫৬৯৬, ০১৭৬৯৯৯০০১১ (সকাল ০৯টা-দুপুর ০২টা)

**বিস্তারিত তথ্য ও অনলাইনে আবেদন করতে লগ ইন করুন www.joinbangladeshairforce.mil.bd অথবা JoinBAF এনড্রয়েড অ্যাপটি ডাউনলোড করুন**